



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,

ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ



মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/ক্রেডিটবিঃ(শাখা-৪)এসএমই-৭(৮)করোনা/২০২০-২১/ ২২৮৫(১২০০)

তারিখঃ ২৫/০৩/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক
ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহ এর সময়ভিত্তিক সঠিকভাবে বাস্তবায়ন প্রসংগে।


প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ঘোষিত প্রনোদনা প্যাকেজ সমূহ বাস্তবায়নকল্পে অত্র বিভাগ কর্তৃক ১৪/০৩/২০২১
তারিখে জারীকৃত সার্কুলার লেটার নং ২২০৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর বৈশ্বিক মহামারির প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় মাননীয়
প্রধানমন্ত্রী তথা বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন আর্থিক প্রনোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নের জন্য বিভিন্ন সময়ে সার্কুলার ও সার্কুলার লেটার জারি
করা হয়েছে যা অনুসরণ করে উক্ত প্রনোদনা প্যাকেজ সমূহ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রনোদনা প্যাকেজ বিশেষ করে এসিডি সার্কুলার
০১/২০২০ ও এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ এর আওতায় ঋণ বিতরণের মেয়াদ আগামী ৩১/০৩/২০২১ তারিখ পর্যন্ত বলবৎ রয়েছে।
উল্লিখিত প্যাকেজদ্বয়ে ঋণ বিতরণ কার্যক্রম কিছুটা স্তিমিত হয়ে পড়ায় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ
করেছেন এবং নির্ধারিত সময়সীমার মধ্যে বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নির্দেশ প্রদান করেছেন।

০৩। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা
প্যাকেজ সমূহের মধ্যে এসিডি সার্কুলার ০১/২০২০ ও এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ এর আওতায় ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রার
শতভাগ আগামী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে এবং অবশিষ্ট প্যাকেজ সমূহের সময়ভিত্তিক আনুপাতিক বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য
বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিনিয়ত ঋণ আদায় ও বিতরণ কার্যক্রমসহ সামগ্রিক তথ্যাদি তদারকি ও পর্যবেক্ষণ
করেছেন।

-অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক


৯৫৫০৪০৩

তারিখঃ ২৫/০৩/২০২১

নং-বিকেবি-প্রকা/ক্রেডিটবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/ ২২৮৫(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি
ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


২৫/০৩/২০২১
(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক